কুষ্টিয়ার সেই কিশোরকে মারধরের ঘটনায় আটক ৪

কুষ্টিয়ায় এক কিশোরকে বাড়ি থেকে ডেকে নিয়ে নির্জন স্থানে মারপিট করে ভিডিও সোশ্যাল-মিডিয়ায়-ভাইরাল করে দেয়ার ঘটনায় মামলা হয়েছে।

মারপিটের শিকার ওই কিশোরের বাবার করা মামলায় গতকাল শুক্রবার চার কিশোরকে গ্রেপ্তার করেছে কুষ্টিয়া মডেল থানা পুলিশ।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, গতকাল শুক্রবার রাতে বিভিন্ন স্থান থেকে চার কিশোরকে গ্রেপ্তার করা হয়। তার আগে রাতেই মারপিটের শিকার কিশোর লাবিব আলমাসের (১৪) বাবা মো. শামসুর রহমানের করা অভিযোগ মামলা হিসেবে গ্রহণ করে পুলিশ।

শামসুর রহমান কুষ্টিয়া শহরের থানাপাড়ার বাসিন্দা। তিনি রেলওয়েতে লোকোমাস্টার পদে কর্মরত আছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন, ১৮ নভেম্বর বিকেলে তার ছেলে লাবিবকে পূর্ব পরিচয়ের সূত্র ধরে মো. অভি ডেকে নিয়ে যায় শহরের চাঁদাগাড়া মাঠে। সেখানে আরও ৪-৫ জন মিলে ব্যাপক মারধর করে। মারধরের এই দৃশ্যধারণ করে দেড় মিনিটের ভিডিও তারা সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেয়। ভাইরাল হয় ভিডিওটি।

অভিযোগপত্রে লাবিবেব বাবা উল্লেখ করেন এ নিয়ে বাড়াবাড়ি করলে অভির কিশোর গ্যাং মেরে ফেলার হুমকি দেয়। কিশোর লাবিব আলমাস কুষ্টিয়া কালেক্টরেট স্কুলের অষ্টম শ্রেণির ছাত্র। আর মারপিটকারীরা কুষ্টিয়ার শাহীন ক্যাডেট স্কুলসহ বিভিন্ন স্কুলের অষ্টম শ্রেণির ছাত্র।

গ্রেপ্তারকৃত চার কিশোর হলো, মো. মাহমুদুর রহমান অভি, খালেকুজ্জামান মিতুল, ইসমে শাওন ও মো. হাসিব। এদের বাড়ি কুষ্টিয়া শহরের বিভিন্ন এলাকায়। সবার বয়স ১৪ বছর।

পুলিশ জানিয়েছে তাদের আদালতে তোলা হবে। মামলার তদন্তকারী কর্মকর্তা সাব ইন্সপেক্টর জাহাঙ্গীর হোসেন আরটিভি নিউজকে জানিয়েছেন, আটক চারজনকে কুষ্টিয়া আদালতে (নারী ও শিশু অপরাধ দমন ট্রাইব্যুনাল) তোলা হয়েছে। তদন্ত শেষে দ্রুত প্রতিবেদন জমা দেবেন বলেও জানিয়েছেন তিনি।

কুষ্টিয়ায় মাস্ক না পরায় জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে সরকারি আদেশ অমান্য করে মাস্ক না পরায় ১০ জনকে জরিমানা করেছেন ভ্রাম্যামাণ আদালত। তাদেরকে ৩ হাজার ৪০০ টাকা জরিমানা করা হয়।

রুট পারমিট ও ড্রাইভিং লাইসেন্স ছাড়া বাস, ট্রাক ও মোটরসাইকেল চালানোয় ৩ জনকে ৭ হাজার ৫০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

শনিবার (২১ নভেম্বর) দুপুরে কুমারখালী পৌরসভার বাটিকামারা ও তরুণ মোড় এলাকায় ভ্রাম্যামাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজীবুল ইসলাম খান।

এ বিষয়ে রাজীবুল ইসলাম খান বলেন, সরকারি আদেশ অমান্য করে পাবলিক প্লেসে মাস্ক ব্যবহার না করায় ১০ জনকে সংক্রমক রোগ (নিয়ন্ত্রণ প্রতিরোধ ও নির্মূল) আইন ২০১৮ অনুযায়ী ৩ হাজার ৪০০ টাকা জরিমানা করা হয়েছে।

এছাড়াও রুট পারমিট ও ড্রাইভিং লাইসেন্স ছাড়া বাস, ট্রাক ও মোটর সাইকেল চালানোর দায়ে ৩ চালককে ৭ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়।

কুষ্টিয়ায় চিনিকল শ্রমিকদের বিক্ষোভ মিছিল

কুষ্টিয়ায় ৪ দফা দাবিতে কুষ্টিয়ায় আখচাষী ও চিনিকল শ্রমিক-কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দদের আন্দোলন কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন।

শনিবার সকালে চিনিকলের প্রধান ফটকে আখচাষী ফেডারেশন ও শ্রমিক-কর্মচারী ফেডারেশনের যৌথ এ আয়োজনে বিক্ষোভ মিছিল ও সমাবেশ চলে।

সমাবেশে বক্তারা বলেন, চলতি মাড়ই মৌসুমে দেশের ১৫টি চিনিকল একযোগে চালু করতে হবে। এটা না হলে দেশের কোন চিনিকল চালাতে দেওয়া হবে না। পাশাপাশি শ্রমিক-কর্মচারী ও আখচাষীদের পাওনা টাকা পরিশোধের দাবি জানান তারা।

সমাবেশে বক্তব্য রাখেন কুষ্টিয়া চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সভাপতি ফারুক হোসেন ও সাধারণ সম্পাদক আনিসুর রহমানসহ নেতৃবৃন্দরা।

এসময় কয়েকশত চিনিকলের শ্রমিক-কর্মচারী ও আখচাষীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় একজন নিহত

মেহেরপুরের সদর উপজেলার কালিগাংনী গ্রামে ট্রাকের ধাক্কায় ইসলাম নামের এক আলগামন চলক নিহত হয়েছে।

শনিবার বিকালে কালীগাংনী মোড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইয়ারুল (২২) কালীগাংনী কলোনী পাড়ার ছমীর উদ্দিনের ছেলে।

স্থানীয়রা জানান, ইয়ারুল তার নিজ এলাকা নওপাড়া থেকে সবজি বোঝাই করে একটি ট্রাকের পিছনে পিছনে মেহেরপুর শহরে যাচ্ছিলেন। কালীগাংনী গ্রামের মোড়ে পৌঁছালে ইয়ারুল ট্রাকটিকে অতিক্রম করার সময় অপর দিক থেকে আসা আরেকটি ট্রাককে দেখে নিয়ন্ত্রণ হারিয়ে ট্রাকের সাথে ধাক্কা দেয়। ট্রাকের ধাক্কায় ইয়ারুল ছিটকে পড়ে মারাত্মক আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

অপরদিকে,এলাকাবাসী ট্রাকসহ ট্রাকের চালক পাবনা দাশুড়িয়া এলাকার

নাজমুল হক ও হেল্পার মসিউর রহমানকে আটক করে স্থানীয় পুলিশ ক্যাম্পের দিয়েছে।

মেহেরপুর সদর থানা অফিসার ইনচার্জ শাহ দারা খান জানান, কালীগাংনী সড়ক দুর্ঘটনার সংবাদ পেয়েছি ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গায় বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির জেলা সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি (মার্কসবাদী) চুয়াডাঙ্গা জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টায় শহরের টাউন ফুটবল মাঠের পাশে জেলা কার্যালয়ে এ সম্মেলন অনুষ্টিত হয়। সম্মেলনে কমরেড সৈয়দ মজনুর রহমানকে সভাপতি ও কমরেড আলাউদ্দিন উমরকে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়।

সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা শাখার সদস্য কমরেড মুনসুর আলী। প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য মিজানুর রহমান ভিটু।

সম্মেলনে দ্বিবার্ষিক কমিটি ঘোষণা করা হয়। কমিটির নেতারা হলেন সভাপতি কমরেড সৈয়দ মনজুর রহমান, সাধারণ সম্পাদক কমরেড আলাউদ্দিন উমর, সাংগঠনিক সম্পাদক কমরেড আব্দুস সামাদ, কোষাধ্যক্ষ কমরেড অ্যাডভোকেট বদর উদ্দিন, দপ্তর সম্পাদক কমরেড মুনসুর আলী এবং সদস্য নির্বাচিত হন কমরেড ডা. আব্দুর রশিদ, কমরেড সেকেন্দার আলী, কমরেড ফরহাদ হোসেন, কমরেড কল্পনা বেগম ও কমরেড দোস্ত মোহাম্মদ।

[redacted]

[redacted]

মেহেরপুরে ভৈরব ডাইনস্ ক্যাফে এন্ড রেস্টুরেন্টের উদ্বোধন

মেহেরপুরে ভৈরব ডাইনস্ ক্যাফে এন্ড রেস্টুরেন্ট’র উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর মোনাখালী ব্রিজ সংলগ্ন এলাকায় হায়দার আলী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে ভৈরব ডাইনস্ ক্যাফে এন্ড রেস্টুরেন্ট উদ্বোধন করা করেন।

ভৈরব ডাইনস্ ক্যাফে এন্ড রেস্টুরেন্ট এর সত্ত্বাধিকারী শেখ বিপ্লব আল আদিল তার বক্তব্যে অতিথিদের স্বাগত জানান এবং খাবারের গুণগত মানসহ রেস্টুরেন্ট এর সার্বিক বিষয় গুলো তুলে ধরেন।

এ সময় উপস্থিত ছিলেন, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি কামারুল ইসলাম, প্রধান শিক্ষক মিনারুল ইসলাম, বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইয়ামিন, ইউপি সদস্য মফিজুর রহমান, সাবেক ইউপি সদস্য হাসেম আলী প্রমুখ।

মেহেরপুরে সূর্য পূজা পালিত

ধর্মীয় ভাবগাম্ভীর্য এবং ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে মেহেরপুর সুইপার কলোনির হরিজন গুষ্ঠিতে দুই দিনব্যাপী পালিত হচ্ছে সূর্য পূজা। সূর্য পূজাকে স্থানীয়ভাবে বলা হয় ছট বা ছোট পূজা। প্রতিবছর কালী পূজার পর শুক্ল পক্ষের ষষ্টি তিথিতে নদীর তীরে সূর্য দেবতাকে সন্তুষ্ট করতে এই পূজা উদযাপন করা হয়।

শুক্রবার বিকালে মেহেরপুর ভৌরব নদে মনোবাসনা পূর্ণ, আপদ-বিপদ দূরীকরণসহ বিভিন্ন মানত পুরণে হিন্দু ধর্মাবলম্বীদের ভিতরে সুইপার কলোনির হরিজন গষ্ঠির বাসিন্দারা এই সূর্য পূজা পালন করে থাকে।

মেহেরপুর সুইপার কলোনির দলনেতা মিঠু বাসফোড় মেহেরপুর প্রতিদিন

কে জানান, হরিজন জনগোষ্ঠীর উৎসবের মধ্য এক বড় উৎসব হলো ছোট পূজা বা (সূর্য পূজা)। যেটি পাঁচ হাজার বছর আগে মহাভারতে গঙ্গা দেবীর পুত্র ভিঙ্গো পিতামা (বিশ্ব) তিনার সারথি র সন্তান প্রাপ্তির জন্য প্রথম এই পূজা করেন এবং তিনি ছিলেন হরিজন গুষ্ঠির।

তাই ছট পূজা (সূর্য পূজা) আমরা আদিম যুগ থেকেই করে আসছি এবং এই সূর্য পূজার প্রথম দিন বিকালে আমরা পূজারীরা উপবাস থেকে ফুল, প্রসাদ, বাদ্য-বাজনাসহ বিভিন্ন পূজার সামগ্রী নিয়ে নদের তীরে উপস্থিত হয়। সূর্য অস্ত যাওয়ার পূর্ব মুহূর্তে আমরা নদীতে গোসল এবং কোমর পানিতে দাঁড়িয়ে সূর্যের দিকে মুখ করে কুলায় সাজানো প্রসাদ নিয়ে পূজা শুরু করি।

এবং সূর্য অস্ত যাওয়ার পর সকলেই আমরা বাড়িতে ফিরে যাই। আবার পরের দিন যেটা আগামী কাল করবো অন্ধকার ভোরে নদীর তীরে উপস্থিত হয়ে সূর্য উদয় হওয়ার পূর্ব মুহূর্ত থেকে একই নিয়মে পূজা শুরু করবো। সূর্যদয় হওয়ার পর সূর্যকে প্রণাম করে নদীতে স্লান এবং শরবত পানের মধ্যে দিয়ে শেষ হবে সূর্য পূজা।

সূর্য পূজা করতে আসা অজয়, সুরেন, সনদিপ, মায়া, মহাদেব বলেন, আমরা সূর্য দেবতাকে সন্তুষ্ট করতেই এই পূজা করে থাকি। প্রতিবছর এই ছট পূজা করতে আশি এই ভৌরব নদেতে। এছাড়াও সকলের শান্তি কামনায় এই পূজা করি আমরা ।

চুয়াডাঙ্গায় তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী পালন

চুয়াডাঙ্গায় প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গায় রজব আলী সুপার মার্কেটে জেলা বিএনপির কার্জলয়ে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আয়োজনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা ৬ টার সময় তারেক রহমানের ৫৬তম জন্মদিন

পালন করা হয়।

জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর এবং মেয়র পদপ্রার্থী মোঃ সিরাজুল ইসলাম মনির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বােচেন বিএনপির মনোনীত প্রার্থী জনাব শরীফুজ্জামান শরীফ।

তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ও বিএনপির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী দেশমাতা বেগম খালেদা জিয়ার পুত্র এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর ৫৬ তম জন্মদিনে আমাদের কে শপথ নিতে হবে সকল অন্যায় অনিয়ম বিরুদ্ধে সকল দেশ প্রেমিক জনগণকে ঐক্যবদ্ধ হয়ে রাজপথে এই বিনা ভোটের সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম এর উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবু, জেলা বিএনপির সাবেক যুগ্ম-সম্পাদক মাহমুদ হাসান পল্টু, জেলা সেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, যুগ্ম-সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন, জেলা সেচ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত।

আরও উপস্থিত ছিলেন, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস, জেলা যুবদলের সদস্য খায়রুল আলম, নাজমুল হক নাজমুল, জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সাধারণ সম্পাদক হাসান মাস্টার, রুবেল হাসান, তুহিন ইসলাম তুহিন, মিঠু, পলাশ, জেলা ছাত্রদলের নেতা এম এম মোস্তফা, শাহাবুদ্দিন, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক আমানুল্লাহ আমান, আকাশ, জিতু হাসান, আমের হোসেন, আবিদ, রাসিব, আরিফুল, আরমান।

গাংনীতে হাতির পিঠে বরের আগমন!

মেহেরপুরের গাংনীতে হাতির পিঠে চড়ে কনের বাড়িতে বিয়ে করতে এসেছেন বর তুলিপ। গতকাল শুক্রবার বেলা সাড়ে ১২ টার দিকে গাংনী উপজেলার গাড়াডোব গ্রামের মুন্সিপাড়া থেকে হাতি, ঘোড়া, গরু ও মহিষের গাড়ি বহর নিয়ে সদর উপজেলার মদনাডাঙ্গা গ্রামের সানজিদা আক্তার শাওনকে বিয়ে করতে কনের বাড়ীতে আসেন বর তুলিপ।

শাওন মদনা গ্রামের আকছেদ আলীর মেয়ে ও তুলিপ গাড়াডোব মুন্সিপাড়ার ময়নাল হকের ছেলে। যান্ত্রিক যুগে এ ব্যতিক্রমী বিয়ে বহর দেখতে রাস্তার দু’পাশে উৎসুক জনতার ভিড় লেগে যায় ।

বর তুলিপ বলেন, সকলেই মনে মনে একটু ব্যতিক্রম কিছু করতে চায়। সে উদ্দেশ্য এবং পিতার শখ পূরণের জন্য তার এ হাতিতে চড়ে বিয়ে করা।

বরের আত্মীয় আখেরুজ্জামান জানান, করোনা পরিস্থিতির কথা চিন্তা করে এ ধরনের উদ্যোগ নেয়া ঠিক হয়নি। তবে বরের পিতা ময়নাল হকের শখ পুরণে অল্প সংখ্যক লোকজন নিয়ে স্বল্প পরিসরে এ বিয়ের আয়োজন করা হয়েছে।

বর্তমানে সব কিছুতে আধুনিকতার ছোঁয়া থাকলেও এ ব্যতিক্রমধর্মী বিয়ে পুরাতন ঐতিহ্যকে স্বরণ করিয়ে দিয়েছে বার বার।